36

দৈনিক সংবাদ

তারিখ 05 AUG 1995
পৃষ্ঠা ৫ কলাম ৩

# খাগড়াছড়ি কলেজে লেখাপড়া বিঘ্নিত

রামগড়, ৪ঠা আগস্ট (নিজস্ব সংবাদ-দাতা)।– খাগড়াছড়ি সরকারি কলেজ বহুমুখী সমস্যায় জর্জরিত। অধ্যয়নরত ছাত্র–ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সমস্যা সমাধানের কোন উদ্যোগ নেই।

খাগড়াছড়ি জেলা সদরে অবস্থিত খাগড়াছড়ি সরকারি কলেজটি ১৯৮০ সালে সরকারিকরণ করা হয়।

কলেজটি সরকারি হওয়ার পর কলেজে যেসকল পদ সৃষ্টি করা হয়েছে ওই সকল পদের বেশিরভাগ পদ শূন্য রয়েছে দীর্ঘদিন ধরে। অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ ৪৯ জন শিক্ষকের মধ্যে বর্তমানে ২৮ জন শিক্ষক কর্মরত রয়েছেন। এর মধ্যে ৯ জন সহযোগী অধ্যাপকের মধ্যে রয়েছে ৩ জন, ২২ জন প্রভাষকের মধ্যে রয়েছেন ৯ জন। ইংরেজি, দর্শন, সমাজতত্ত্ব, হিসাব বিজ্ঞান; গণিত বিভাগে রয়েছে ১ জন করে শিক্ষক। ফলে ১ জন শিক্ষকের পক্ষে একইসাথে উচ্চ মাধ্যমিক ও স্নাতক শ্রেণীর ক্লাস নেয়া খুবই কষ্টকর। কোন সময় ওই সকল বিভাগের কোন শিক্ষক–ছুটিতে চলে গেলে ক্লাসগুলো বন্ধ থাকা ছাড়া অন্য কোন উপায় থাকে না। শিক্ষক সংকটের কারণে ছাত্র–ছাত্রীদের লেখাপড়া দারুণভাবে বিঘ্নিত হচ্ছে। কলেজে লাইব্রেরীয়ানের অভাবরয়েছে। দূর–দূরান্তেরছাত্র–ছাত্রীদের কলেজে আসা–যাওয়ার জন্য ১টি বাস থাকলেও চালকের অভাবে বাসটি বন্ধ রয়েছে। ফলে দূর–দূরান্তের ছাত্র–ছাত্রীরা দূরত্বের কারণে সঠিক সময়ে স্কুলে উপস্থিত হতে পারছে না। শিক্ষকদের আবাসিক সমস্যা অত্যন্ত প্রকট। আবাসিক সংকটের কারণে শিক্ষকরা দারুণ কষ্টের মধ্যে দিনাতিপাত করছে, কলেজে ছাত্র–ছাত্রীদের খেলাধুলার জন্য খেলার উপযোগী কোন মাঠ নেই। মাঠের অভাবে খেলাধুলা এ কলেজ হতে হারিয়ে যাওয়ার উপক্রম।